

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৫৫

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

ٱلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ لَا يَنَامُ حَتَّى يَقْرَأَ: (آلم تَنْزِيل) و (تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ) رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَوَاهُ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ صَحِيحٌ. وَكَذَا فِي شرح السّنة. وَفِي المصابيح

বাংলা

২১৫৫-[৪৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (ঘুমানোর জন্য বিছানায় শোবার পর) যে পর্যন্ত সূরা 'আলিফ লা-ল মীম্ তানযীল' ও সূরা 'তাবা-রকাল্লায়ী বিয়াদিহিল মুলক' পড়ে শেষ না করতেন ঘুমাতেন না। (আহমদ, তিরমিয়ী ও দারিমী। ইমাম তিরমিয়ী বলেছেন, হাদীসটি সহীহ। 'শারহুস্ সুন্নাহ্'য় এরূপ রয়েছে, মাসাবীহ এ হাদীসকে গরীব বলেছেন।)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৮৯২, আহমাদ ১৪৬৫৯, দারিমী ৩৪১১, মু'জামুল আওসাত ১৪৮৩, মুসতাদারাক লিল হাকিম ৩৫৪৫, শু'আবূল ঈমান ২২২৮, সহীহাহ্ ৫৮৫, সহীহ আল জামি' ৪৮৭৩। তবে আহমাদ এর সানাদটি দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ''আলিফ লাম মীম তানযীল'' হলো সূরা আস্ সিজদা্ আর তাবা-রকাল্লাযী বিইয়াদিহিল মুলক হলো সূরা আল মুলক।

হাদীসের উদ্দেশিত অর্থ হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যখন নিদ্রা যাওয়ার সময় হতো তিনি এ



দু'টি সূরা না পড়ে নিদ্রা যেতেন না। অথবা তাঁর পাঠের আগে নিদ্রা যাওয়ার অভ্যাস ছিল না, তা নিদ্রার পূর্ব মুহূর্তে হোক অথবা খানিক আগেই হোক। মুল্লা 'আলী কারী (রহঃ) এ দ্বিতীয় অর্থটিকে প্রাধান্য দিয়েছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন